

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নথি নং-৪৫.১৭৪.০০২.০১৫.০১.০০.০১৫.২০১৩-৫৬২

তারিখ : ৩০.০৬.২০১৪ খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব  
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস কর্মসূচির বৈদেশিক প্রশিক্ষণ (দীর্ঘমেয়াদী) বাস্তবায়নের ব্যয় মিটানোর নিমিত্ত ৬৭.৯২ লক্ষ (সাতট্রি লক্ষ বিরানব্বই হাজার) টাকা অগ্রিম উত্তোলনের অনুমতি প্রদান সংক্রান্ত।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি'র আওতায় নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস (কোড নং ৫-২৭১৬-৫০২০) কর্মসূচির অধীনে চলতি ২০১৩-২০১৪ অর্থবছরে আরপিএ (জিও'র) খাতে ১ম-৪র্থ কিস্তিতে ছাড়কৃত ২১৫০.০০ লক্ষ টাকা হতে ০২ জন নার্সের পিএইচডি ইন নার্সিং কোর্সে (দীর্ঘমেয়াদী বৈদেশিক) প্রশিক্ষণ ব্যয় মিটানোর জন্য ৬৭.৯২ লক্ষ (সাতট্রি লক্ষ বিরানব্বই হাজার) টাকা অগ্রিম উত্তোলনে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি :

তবে শর্ত থাকে যে,

- (ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে/৩০ শে জুন এর মধ্যে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- (ঘ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২ এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর এইচপিএনএসডিপি'র "নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস" (কোড নং-৫-২৭১৬-৫০২০-৪৮৪০) হতে বহন করা হবে।

৩ অর্থ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।



(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দৃষ্টব্য-

নথি নং-৪৫.১৭৪.০০২.০১৫.০১.০০.০১৫.২০১৩-৫৬১/১(৬)

তারিখ : ৩০.০৬.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, সেবা পরিদপ্তর ও লাইন ডাইরেক্টর, নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস, মতিঝিল, ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(সালমা সিদ্দিকা মাহতাব)  
সিনিয়র সহকারী সচিব